দৈনিক ইনকিলাব 021

তারিখ 12 MAY 1987
পৃষ্ঠা ৮ কলাম ১

২৮শে বৈশাখ ১৩৯৪

উপজেলা পরিক্রমা

ধরমপাশা

ধরমপাশা (সুনামগঞ্জ), ১০ মে (সংবাদদাতা)।— সুনামগঞ্জ জেলার সর্ববৃহৎ উপজেলা ধরমপাশা। সুনামগঞ্জ শহর থেকে নদীপথে ৬৫ মাইল এবং সড়কপথে ৫০ মাইল দূরে অবস্থিত। এই উপজেলার আয়তন ২২৬ বর্গমাইল। উক্ত উপজেলায় ১০টি ইউনিয়ন, ৩শ' ১৭টি গ্রাম, লোকসংখ্যা ১ লাখ ৪৬ হাজার ৩শ' ৭৬ জন।

বিদ্যুৎ

উপজেলার কয়েকটি গ্রামে বিদ্যুৎ সরবরাহ করা হয়েছে। বিদ্যুৎ বিভ্রাট এখানকার নিত্যনৈমিত্তিক ব্যাপার।

যোগাযোগ

উপজেলা হবার পরও যোগাযোগের কোন উন্নতি হয়নি। উপজেলার সদরের সাথে ১০টি ইউনিয়নের মধ্যে ৯টি ইউনিয়নের কোন ভাল রাস্তা নেই। এ উপজেলায় পাকা রাস্তা নেই বললেই চলে। যে সকল কাঁচা রাস্তা আছে তাও বর্ষায় ডুবে যায়।

শিক্ষা

ধরমপাশা উপজেলায় (১৯৮১ সালের গণনা অনুযায়ী) শতকরা ১৪·৩% জন শিক্ষিত। এ উপজেলা ৯৯টি সরকারী এবং ১৫টি বেসরকারী প্রাথমিক বিদ্যালয়, মাধ্যমিক ৪টি, নিম্ন মাধ্যমিক ২টি, ১টি বালিকা বিদ্যালয় ও ১৫টি মাদ্রাসা রয়েছে। মাদ্রাসা ও স্কুলগুলো বিভিন্ন সমস্যায় জর্জরিত।

স্বাস্থ্য

ধরমপাশা উপজেলায় ১টি হাসপাতাল রয়েছে। উপজেলার সদর হাসপাতালটির অবস্থা খুবই করুণ। পানির ও ওষুধের অভাবে জটিল রোগীর চিকিৎসা করা যায় না।

হাট-বাজার

এই উপজেলায় ১০টি হাট-বাজার রয়েছে। তবে উত্তর প্রান্তে প্রসিদ্ধ বাণিজ্য কেন্দ্র, মধ্যনগর বাজার। উপজেলার ছোট-বড় বাজারগুলো বিভিন্ন সমস্যায় জর্জরিত। তাছাড়াও ধরমপাশা উপজেলা ছোট-বড় নদী-নালা, খালবিল ও হাওড় রয়েছে।